গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২
শের-ই- বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

ক. প্রকল্পের বিবরণী:

১.০	প্রকল্পের নাম	:	ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট
২.০	বাস্তবায়নকারী সংস্থা	:	ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)
৩.০	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৪.০	প্রকল্পের অবস্থান	:	ঢাকা নগর, ঢাকা।
৫.০	প্রকল্পের অনুমোদিত ব্যয়	:	২১,৯৮,৫০৭.২১ লক্ষ টাকা
৬.০	প্রকল্পের বাস্তবায়নকাল	:	জুলাই, ২০১২ হতে জুন ২০২৪

৭.০ **প্রকল্পের পটভূমিঃ**

দেশ-বিদেশের খ্যাতনামা পরিবহন বিশেষজ্ঞের সমন্বয়ে ঢাকা মাহনগরীর জন্য Strategic Transportation Plan (STP) প্রণয়ন করা হয়। সরকার কর্তৃক □□□□□□□□ Strategic Transportation Plan (STP)-এর ঢাকা শহরে মেট্রোরেলের জন্য ৩টি লাইন, যথা: MRT Line 4, 5 ও 6 নির্মাণের জন্য প্রস্তাব করা হয়েছে তন্মধ্যে MRT Line-6 এ যাত্রী পরিবহনের চাহিদা তুলনামূলকভাবে অধিক বিধায় এলাইনমেন্টটি নির্বাচন করা হয়। প্রকল্পের আওতায় ঢাকা শহরে ৩টি সেকশন বরাবর মেট্রোরেল নির্মাণ করা হবে। মেট্রারেলের মোট দৈর্ঘ্য ২০.১০ কি:মি:। সেকশন-১: পল্লবী-সেনারগাঁও হোটেল (১১ কি:মি:) সেকশন-২: সোনারগাঁও হোটেল-বাংলাদেশ ব্যাংক (৪.৪ কি:মি:); এবং সেকশন-৩: পল্লবী-উত্তরা (৪.৭ কি:মি:) বরাবর মেট্রোরেল বা Mass Rapid Transit (MRT) লাইন নির্মাণ করা হবে। প্রকল্পটি বাস্তবায়নের ফলে ঢাকা মহানগরীতে দ্রুতগামী ও ব্যয় সাশ্রয়ী যাতায়ত ব্যবস্থা গড়ে উঠবে।

৮.০ **প্রকল্পের উদ্দেশ্যঃ**

- ঢাকা শহরে একটি কার্যকর ও দক্ষ পরিবহন ব্যবস্থা গড়ে তোলা;
- নগরবাসীর জন্য সহজ গণ-পরিবহন সুবিধা প্রদান; এবং
- নিরাপদ ও পরিবেশ বান্ধব পরিবহন ব্যবস্থার উন্নয়ন;

৯.০ প্রকল্পের প্যাকেজভিত্তিক কার্যক্রম:

ক্র: নং	প্যাকেজের নাম	মূল কার্যক্রম	একক	লক্ষ্যমাত্রা	ব্যয়
১	২	৩	৪	৫	৬
০১	প্যাকেজ-CP-01	ডিপো এলাকার ভূমি উন্নয়ন	লক্ষ ঘন মিটার	ভূমি উন্নয়নঃ ২৪ হেক্টর জমি, ৭.৭ লক্ষ ঘন মিটার মাটির কাজ	৫,৬৭০,৬৭৪,৪০৯/- (ভ্যাট ট্যাক্সসহ) টাকা
০২	প্যাকেজ-CP-2	ডিপো এলাকার পূর্ত কাজ	বঃ মিঃ	৪৬৫০ বঃমিঃ পূর্ত কাজ	১৫৯৫,৫৬,৯৯,২৩০/- (ভ্যাট ট্যাক্সসহ) টাকা
০৩	প্যাকেজ-CP-03 ও CP-04	উত্তরা নর্থ থেকে আগারগাঁও পর্যন্ত ভায়াডাক্ট ও স্টেশন নির্মাণ	সংখ্যা, কিমি	৯টি স্টেশন এবং ১১.৭১ কিমি ভায়াডাক্ট	৪২৩০,৫৫,১৯,৬৫৩/- (ভ্যাট-ট্যাক্সসহ) টাকা
০৪	প্যাকেজ-CP-05 ও CP-06	আগারগাঁও থেকে মতিঝিল পর্যন্ত ভায়াডাক্ট ও স্টেশন নির্মাণ	সংখ্যা, কিমি	৭টি স্টেশন এবং ৮.১২ কিমি ভায়াডাক্ট	১৮৫৪,৯৬,৭০,৪০৩/- (ভ্যাট-ট্যাক্সসহ) টাকা ও ২৩৩২,০৩,১১,০১৫/- (ভ্যাট-ট্যাক্সসহ) টাকা
০৫	প্যাকেজ-CP-07	ইলেকট্রিক্যাল এন্ড মেকানিক্যাল সিস্টেম	থোক	ইলেক্ট্রো-মেকানিক্যাল সিস্টেম	৪,৯৩০,১৩,০৬,৮০০/- (ভ্যাট-ট্যাক্সসহ) টাকা
০৬	প্যাকেজ-CP-08	রোলিং স্টক (রেল কোচ) ও ডিপো ইকুইপমেন্ট	সংখ্যা	২৪ সেট রোলিং স্টক এবং অন্যান্য ডিপো ইকুইপমেন্ট	৪২৫৭,২৪,৫৫,৪৫৬ (ভ্যাট-ট্যাক্সসহ) টাকা

খ. পরামর্শকের কার্যপরিধি (TOR) :

১০.০ পরামর্শকের দায়িত্বঃ

১০.১ প্রকল্পের বিবরণ (প্রকল্পের নাম, উদ্যোগী মন্ত্রণালয়, বাস্তবায়নকারী সংস্থা, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয়, বছরভিত্তিক ব্যয় প্রাক্কলন, প্রকল্পের উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, অর্থায়ন, প্রকল্পের পটভূমি ইত্যাদি সংশ্লিষ্ট সকল তথ্য পর্যালোচনা);

১০.২ প্রকল্পের আওতায় ৮টি প্যাকেজের আওতায় সম্পাদিতব্য ভূমি অধিগ্রহণ ও উন্নয়ন, পূর্ত কাজ, ভায়াডাক্ট, স্টেশন নির্মাণ, ইলেকট্রো-ম্যাকানিক্যাল, রোলিং স্টক ক্রয় ইত্যাদি কার্যক্রমের সার্বিক এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

১০.৩ ইউটিলিটি শিফটিং এবং পুনর্বাসন কার্যক্রম পররবেক্ষণ এবং পর্যালোচনা;

১০.৪ প্রকল্প চলাকালীন প্রকল্প এলাকায় ট্রাফিক ব্যবস্থাপনায় প্রকল্পের প্রভাব ও তা উন্নয়নের উপায়সমূহ উপস্থাপন;

১০.৫ প্রকল্প বাস্তবায়নে ব্যবহৃত নতুন টেকনোলজি এবং এ সকল টেকনোলজির Dissemination;

১০.৬ রেল পরিচালনা এবং যাত্রী ব্যবস্থাপনা বিষয়ক সুপারিশ প্রদান;

১০.৭ প্রকল্প বাস্তবায়নোত্তর এর রক্ষণাবেক্ষণ ও মেরামত সংক্রান্ত পর্যালোচনা;

১০.৮ মেট্রোরেল-এর এলাইনমেন্ট বরাবর বিদ্যমান সড়কের মেরামত ও উন্নয়নের বিষয়ে বিস্তারিত তথ্যাদি উপস্থাপন এবং সুপারিশ;

১০.৯ প্রকল্প বাস্তবায়নোত্তর সম্ভাব্য ঝুঁকি সমূহ এবং তা নিরসনের লক্ষ্যে করণীয় বিষয়ে প্রস্তাব;

১০.১০ মেট্রো রেল পরিচালনার ক্ষেত্রে পরিচালনাকারী কোম্পানীর Human Resources Management এবং Capacity Development বিষয়ক সুপারিশ প্রদান;

১০.১১ Tariff নির্ধারণের ক্ষেত্রে কি কি কলাকৌশল অবলম্বন করা যেতে পারে সে বিষয়ে মতামত প্রদান;

১০.১২ প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে চলমান অগ্রগতি বিশ্লেষণ ও পর্যালোচনা;

১০.১৩ প্রকল্পটির বাস্তবায়নে এর উপর সম্পাদিত feasibility study অনুসরণ করা হচ্ছে কি না এবং feasibility study যথাপোযুক্ত ছিলো কিনা তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

১০.১৪ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইড লাইনস্ ইত্যাদি) প্রাতিপালন করা হয়েছে/হচ্ছে কি না তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে দরপত্র প্রক্রিয়াকরণ ও মূল্যায়ন পর্যালোচনা করা বাঞ্চ্যণীয়; ডিপিপিতে বর্ণিত ক্রয় কার্যক্রমের প্যাকেজসমূহ ভাঙ্গা হয়েছে কিনা, ভাঙ্গা হলে তার কারণ যাচাই এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হয়েছে কিনা তা পরীক্ষা করা প্রয়োজন);

১০.১৫ প্রকল্পের আওতায় সংগৃহিত/সংগৃহিতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষাঙ্গিক বিষয়াদি নিয়ে পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

১০.১৬ প্রকল্পের আওতায় সংগৃহিত/সংগ্রহের প্রক্রিয়াধীন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত BoQ অনুযায়ী পরিমাণ সংগ্রহ এবং স্পেসিফিকেশন অনুযায়ী গুণগত মান নিশ্চিত করা হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে স্পেসিফিকেশন অনুযায়ী গুণগতমান নিশ্চিত করা হচ্ছে কিনা তা মাঠ পর্যায় হতে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে পরীক্ষার মাধ্যমে যাচাই করা বাঞ্চণীয়। এছাড়া মাঠ পর্যায় হতে সরেজমিন পরিদর্শন Individual Interview, KII (Key Informant Information) & FGD (Focus Group Discussion) এর মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে);

১০.১৭ ডিপিপি-তে বছর ভিত্তিক কর্ম পরিকল্পনা ও অর্থ চাহিদার প্রাক্কলন যৌক্তিকতা এবং প্রকল্পের শুরু হতে কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে/হচ্ছে কিনা তা পরীক্ষা করা; পরিকল্পনার সাথে ব্যত্যয় ঘটলে তা চিহ্নিত করে প্রতিকারে পরামর্শ এবং ভবিষ্যতের জন্য সুপারিশ প্রদান;

১০.১৮ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর, অর্থ ছাড়ে বিলম্ব, প্রকল্প বাস্তবায়ন অর্থাৎ পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় দুর্বলতা, প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণসহ অন্যান্য চ্যালেঞ্জসমূহ দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা এবং তা সমাধানে সুপারিশ প্রদান;

১০.১৯ প্রকল্পের SWOT বিশ্লেষণ ; এক্ষত্রে সার্বিকভাবে চিহ্নিত সবলতা, ত্রুটি, দুর্বলতা বা অসঙ্গতি পর্যালোচনা ও ত্রুটি, দূর্বলতা উত্তোরণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

১০.২০ আর্থ-সামাজিক প্রেক্ষাপট বিবেচনায় প্রকল্পটি পরিবীক্ষণ;

১০.২১ প্রকল্প এলাকায় সাইন-সিগন্যাল, নিরাপত্তামূলক পোস্ট এর ব্যবহার এবং ট্রাফিক সেবা এবং শৃংখলায় এগুলোর প্রভাব মূল্যায়ন;

১০.২২ প্রকল্প বাস্তবায়নে বাস্তবায়নকারী ইউনিটের CPM, WBS, Gantt Chart ইত্যাদি প্রকল্প ব্যবস্থাপনার Tools ব্যবহারের বিষয়টি পর্যবেক্ষণ;